গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯০.২০২০/ — তাং------------ /১৪২৮বঙ্গাব্দ। /২০২১খ্রিস্টাব্দ।

বিষয় ঃ উচ্চপর্যায়ে তদন্ত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ডাঃ মোঃ আমিনুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ কর্তৃক এমর্মে মৌখিক অভিযোগে এ অধিদপ্তরে জানান যে, জনাব মোঃ আব্দুল লতিফ (পিতা-মোঃ আবুল হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দীপ, চট্টগ্রাম (প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স ও ইনচাজ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ) অসদাচরণ ও অর্থ আত্নসাৎ করেছেন। উক্ত অভিযোগটি তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ০৩-১১-২০২০খ্রিঃ তারিখের ২১০ সংখ্যক স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকতা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অর্থ আত্নসাৎ এর ঘটনার সাথে জনাব মোঃ আব্দুল লতিফ, সিনিয়র স্টাফ নার্স ছাড়াও প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ জোবায়দা মেহের নাজসহ উক্ত প্রতিষ্ঠানের ক্যাশিয়ার, জনাব আলতাফ হোসেন ও প্রধান সহকারী, জনাব তোরাব আলী এর সম্পৃক্ততা রয়েছে বিধায় এবিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

২। বর্ণিত অবস্থায়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ জোবায়দা মেহের নাজসহ উক্ত প্রতিষ্ঠানের ক্যাশিয়ার, জনাব আলতাফ হোসেন ও প্রধান সহকারী, জনাব তোরাব আলী এর বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ১। তদন্ত প্রতিবেদন--------- ০৪(চার) পাতা;
২। অন্যান্য কাগজপত্রাদি----- ১৬(ষোল) পাতা।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯০.২০২০/ ২২১।১(৭) — তাং ০৭/১ /১৪২৮বঙ্গাব্দ। ২০/৪ /২০২১খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। অতিরিক্ত সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সিভিল সার্জন, সিরাজগঞ্জ/চট্টগ্রাম।
৪। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৫। উপপরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, সিরাজগঞ্জ/চট্টগ্রাম।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২০/০৪/২০২১

মোহাম্মদ আব্দুল হাই পিএএ
(উপসচিব)
পরিচালক (প্রশাসন, শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মি ডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ dg@dgnm.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৮৯.২১

/১৪২ বঙ্গাব্দ
তারিখ---------------------
/২০২১খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- 020/2021

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব রেখা রানী বনিক (পিতাঃ রাশ বিহারী বণিক), সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার এ কর্মরত আছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে গত ২৫/১১/২০২০ইং তারিখ যমুনা টেলিভিশনে "নার্সিং কর্মকর্তা রেখা বনিকের অনিয়ম-দুর্নীতি" শিরোনামে একটি সংবাদ প্রচারিত হয়। তৎপ্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ০৭/১২/২০২০ইং তারিখের ২৬২ সংখ্যক স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ১১/০১/২০২১ইং তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি ৩০/০৯/২০২০ইং তারিখ হতে ১৯/১০/২০২০ইং তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে চাঁদাবাজি এবং সহকর্মীদের নিপীড়ন করার অভিযোগে স্থানীয় "ক্রাইম সিলেট" পত্রিকায় গত ২১/০১/২০১৮ ইং তারিখ একটি সংবাদ প্রকাশিত হয়;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত ২৫/০৯/২০১৬ইং তারিখের দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (নার্সিং শাখা) ৪৬৭ সংখ্যক স্মারকের নির্দেশে এ অধিদপ্তর কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয়;

৫। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক গত ১৩/০১/২০১৯ইং তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে উল্লেখ করা হয়;

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি"এর আওতাভুক্ত অপরাধ;

৭। সেহেতু, এক্ষণে আপনি জনাব রেখা রানী বনিক (পিতাঃ রাশ বিহারী বণিক), সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার কে "অসদাচরণ" ও "দুর্নীতির" দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী আপনাকে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধির ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব (৩ কপি) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

জনাব রেখা রানী বনিক
সিনিয়র স্টাফ নার্স

কর্মস্থলের ঠিকানাঃ
জনাব রেখা রানী বনিক
পিতাঃ রাশ বিহারী বণিক
সিনিয়র স্টাফ নার্স
২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার

স্থায়ী ঠিকানাঃ
জনাব রেখা রানী বনিক
পিতাঃ রাশ বিহারী বণিক
গ্রাম-দৌলতপুর, পোঃ মমতাজ মিয়ারহাট
থানাঃ+জেলাঃ ফেনী।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৮৯.২১ . 220/1(ন)

তারিখ: 07/5/১৪২৮ বঙ্গাব্দ
20/8/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
৪। সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার।
৬। সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, মৌলভীবাজার।
৮। জনাব রেখা রানী বনিক (পিতাঃ রাশ বিহারী বণিক), সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার।
৯। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ অভিযোগনামাটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৯। অফিস কপি।

20/08/2021

মোহাম্মদ আবদুল হাই পিএএ
উপসচিব
পরিচালক (প্রশাসন, শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@ dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব রেখা রানী বনিক (পিতাঃ রাশ বিহারী বণিক), সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার এ কর্মরত আছেন। তার বিরুদ্ধে গত ২৫/১১/২০২০ইং তারিখ যমুনা টেলিভিশনে "নার্সিং কর্মকর্তা রেখা বনিকের অনিয়ম-দুর্নীতি" শিরোনামে একটি সংবাদ প্রচারিত হয়। তিনি ৩০/০৯/২০২০ইং তারিখ হতে ১৯/১০/২০২০ইং তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। তার বিরুদ্ধে চাঁদাবাজি এবং সহকর্মীদের নিপীড়ন করার অভিযোগে স্থানীয় "ক্রাইম সিলেট" পত্রিকায় গত ২১/০১/২০১৮ ইং তারিখ একটি সংবাদ প্রকাশিত হয়। তার বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (নার্সিং শাখা) ২৫/০৯/২০১৬ইং তারিখের ৪৬৭ সংখ্যক স্মারকে একটি অভিযোগপত্র এ অধিদপ্ততরে প্রেরণ করা হয়। তার এহেন কর্মকাণ্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দূর্নীতি"এর আওতাভুক্ত অপরাধ।

২০/০৪/২১

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd